
যুগান্তর

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ৬



# ঢাবির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে নিয়োগ দেয়া হয়েছে। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এই অধ্যাপক সর্বশেষ ঢাকা বিশ্ববিদ্যালয়েই প্রো-ভিসি (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন করছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের সোমবারের এক প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, বিদায়ী উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অধ্যাপক আখতারুজ্জামানকে এ দায়িত্ব দেয়া হয়। প্রজ্ঞাপনে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ-১৯৭৩ এর ১১(২) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. আবদুল হামিদ সম্পূর্ণ সাময়িকভাবে অধ্যাপক আখতারুজ্জামানকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির দায়িত্ব প্রদান করেছেন। এতে আরও উল্লেখ করা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় তাকে অব্যাহতি প্রদান করতে পারবেন। তিনি (ভিসি) বিধি অনুযায়ী পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। অধ্যাপক আরেফিন সিদ্দিক ২০০৯ সালের ১৫ জানুয়ারি ২৭তম ভিসি হিসেবে যোগদান করেছিলেন। এ সময়ের মধ্যে প্রথম চার বছরের কিছু বেশি সময় রাষ্ট্রপতি কর্তৃক এক আদেশে নিযুক্ত হয়ে দায়িত্ব পালন করেন। পরে ২০১৩ সালের আগস্টে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী সিনেট কর্তৃক নির্বাচিত প্যানেলে মনোনীত হয়ে রাষ্ট্রপতি কর্তৃক ফের নিয়োগ পান। তার সেই মেয়াদ গত ২৫ আগস্ট শেষ হয়। তবে মেয়াদ শেষের আগেই গত ২৯ জুলাই ভিসি মনোনয়নের জন্য সিনেটের বিশেষ সভায় প্যানেল নির্বাচন করা হয়েছিল। কিন্তু সেই প্যানেলের ওপর উচ্চ আদালতে মামলা দায়ের করা হয়। সেই মামলা এখন পর্যন্ত নিষ্পত্তি হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব জানান, প্যানেল সংক্রান্ত মামলা নিষ্পত্তি না হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে কাউকে পূর্ণাঙ্গ দায়িত্ব দেয়া যায়নি। এ কারণে সাময়িকভাবে একজনকে দায়িত্ব দেয়া হয়।